# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৫৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫০. শক্ত খাদ্য গ্রহণে অভ্যস্ত হওয়ার পূর্বে ছেলে ও মেয়ে শিশুর পেশাব সম্পর্কিত বিধান

بَابُ الْحُكْمِ فِي بَوْلِ الصَّبِيِّ وَالصَّبِيَّةِ مَا لَمْ يَأْكُلَا الطَّعَامَ

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ـ قِرَاءَةً عَلَيْهِ وَأَنَا أَسْمَعُ ـ ثَنَا دَاوُدُ بْنُ عَمْرٍو الْمُسَيَّبِيُّ ، نَا أَبُو شِهَابٍ الْحَنَّاطُ ، عَنِ الْحَجَّاجِ بْنِ أَرْطَاةَ ، وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، وَأَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ يَزِيدَ الزَّعْفَرَانِيُّ ، قَالَا : نَا مُحَمَّدُ بْنُ جُوَانِ بْنِ شُعْبَةَ ، نَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي الْقَاسِمِ النَّخَعِيُّ ، نَا أَبُو شِهَابٍ عَبْدُ رَبِّهِ بْنُ نَافِعٍ ، عَنِ الْحَجَّاجِ بْنِ أَرْطَاةَ ، عَنْ عَطَاءٍ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : بَالَ ابْنُ الزُّبَيْرِ عَلَى النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَأَخَذْتُهُ أَخْذًا عَنِيفًا ، فَقَالَ : " إِنَّهُ لَمْ يَأْكُلِ الطَّعَامَ ، فَلَا يَضُرُّ بَوْلُهُ " . وَقَالَ دَاوُدُ بْنُ عَمْرٍو : فَقَالَ : " دَعِيهِ فَإِنَّهُ لَمْ يَطْعَمِ الطَّعَامَ ؛ فَلَا يُقَذِّرُ بَوْلُهُ

## বাংলা

৪৫৯(১). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, (শিশু) ইবনুয যুবায়ের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কোলে পেশাব করে দিল। আমি রূঢ়ভাবে তাকে টেনে নিয়ে নিলাম। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে এখনো খাবার ধরেনি, তার পেশাবে কোন অসুবিধা নেই। দাউদ ইবনে আমর (রহঃ)-এর বর্ণনায় আছে, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাকে ছেড়ে দাও। সে এখনও শক্ত খাবার ধরেনি এবং তার পেশাব আবর্জনা (অপবিত্র) নয়।

## ফুটনোট

* আল-হাফেজ ইবনে হাজার (রহঃ) বলেন, এই হাদীসের সনদসূত্র দুর্বল এবং মূল হাদীস সহীহ বুখারীতে বর্ণিত আছে। (অনুবাদক।)

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80248

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন